 **DCBL-2024-102**

# 2024

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 2nd paper**

General Bengali Grammar

Full Marks: 80 Time: 3 hours

# ২০২৪

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ২য় পত্র**

বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। শূন্যস্থানে সঠিক উত্তরটি লিখুন : - ১ x ৪ = ৪

ক) বাংলা ব্যাকরণ মূলত ____ (ইংরেজি/সংস্কৃত) ব্যাকরণের কাঠামোতে রচিত।

খ) রাজশেখর বসু রচিত অভিধান গ্রন্থটির নাম ____ (বঙ্গীয় শব্দকোষ/চলন্তিকা)।

গ) ODBL গ্রন্থটির রচয়িতা হলেন ____ (সুনীতিকুমার চট্টোপাধ্যায়/সুকুমার সেন)।

ঘ) ভাষা যখন ব্যাকরণের কঠিন অনুশাসন মানতে রাজি হয় না, তখন তার সপক্ষে থাকে ____ (অনুশাসনিক/নিরপেক্ষ) ব্যাকরণ।

২। সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোনও দু'টি) : - ২ x ২ = ৪

ক) রাজা রামমোহন রায়ের লেখা প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

খ) ব্যাকরণ বলতে কী বোঝায়?

গ) 'বরাক উপত্যকার কথ্য বাংলার অভিধান' গ্রন্থটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?

৩। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) ভাষা শেখার ক্ষেত্রে ব্যাকরণের ভূমিকা কী?

খ) ‘ভোকাবুলারিও এম ইন্দিওমা বেনগল্লা’- গ্রন্থটি সম্বন্ধে টীকা লিখুন।

গ) বাংলা ভাষার প্রকৃত ব্যাকরণ এখনও রচিত হয়নি- কারা এই মন্তব্য করেছেন এবং কেন?

৪। সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোনও চারটি) : - ২ x ৪ = ৮

ক) উদাহরণসহ সংজ্ঞা লিখুন:- বর্ণবিপর্যয়।

খ) অ-তৎসম শব্দে ণ-ত্ব বিধি প্রযোজ্য হয় কি? উদাহরণ দিয়ে লিখুন।

গ) মিষ্টান্ন, লণ্ঠন বানানে কোন্ বিধি (ণ-ত্ব/য-ত্ব) প্রযোজ্য হয়েছে? নিয়মটি লিখুন।

ঘ) সূত্র সহ সন্ধি বিচ্ছেদ করুন:- রবীন্দ্র, নবোদয়।

ঙ) ব্যঞ্জনবর্ণের তালিকায় অনুনাসিক বর্ণ কোনগুলি? তাদের কেন এই নামকরণ?

চ) চ, ছ, জ, ঝ বর্ণগুলিকে তালব্য বর্ণ কেন বলা হয়?

৫। একটি বাক্যে উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) অন্তঃস্থ বর্ণ বলতে কোন্ বর্ণগুলিকে বোঝায়?

খ) স্বরধ্বনি উচ্চারণে মুখগহ্বরের কোন অঙ্গের ভূমিকা প্রধান?

গ) ঘোষধ্বনি বলতে কোন্ বর্ণগুলিকে বোঝায়?

ঘ) একটি স্-জাত বিসর্গসন্ধির উদাহরণ লিখুন।

ঙ) সন্ধি করে লিখুন:- উৎ+লেখ, ততঃ+অধিক।

চ) নিম্নলিখিত শব্দগুলির ধ্বনি পরিবর্তনের সূত্রটি কী?
কর্ম কর্ম্ম, ধর্ম ধম্ম, কর্তা কত্তা।

৬। ণ-ত্ব বিধি অথবা ষ-ত্ব বিধির যে কোনও একটি নিয়ম, উদাহরণ দিয়ে বুঝিয়ে লিখুন। ২



অপর পৃষ্ঠায় দেখুন

৭। ক) কিছু তৎসম শব্দ আছে, তাদের বানান সংস্কৃতের মতো, কিন্তু উচ্চারণ বাঙালিদের মতো- দু'টি উদাহরণ দিয়ে বুঝিয়ে লিখুন। ২

*অথবা*

খ) ব্যাকরণে শব্দের প্রতিপাদিক রূপ বলতে কী বোঝায়? উদাহরণসহ লিখুন।

৮। যে কোনও চারটি প্রশ্নের উত্তর দিন : - ২ x ৪ = ৮

ক) বিশেষ্য পদের সঙ্গে অনীয়, ঈয় প্রত্যয় যোগে বিশেষণ পদ তৈরির একটি করে উদাহরণ লিখুন।

খ) ধাতু বা ক্রিয়ামূল বলতে কী বোঝায়? উদাহরণ দিন।

গ) সমার্থক শব্দ লিখুন (দু'টি করে) : উদ্ভিদ।

ঘ) অব্যয় পদ সহযোগে একটি বাক্য তৈরি করুন।

ঙ) মন্তর, তরাস- এই অর্ধতৎসম শব্দ দু'টির তৎসম রূপটি কী হবে?

চ) স্থান, অঙ্ক- এই তৎসম শব্দ দু'টির তদ্ভব রূপটি কী হতে পারে?

৯। ব্যাসবাক্য সহ সমাসগুলি চিহ্নিত করুন (যে কোনও দু'টি) : - ১ x ২ = ২

সুরাসুর, জীবনতরী, হাতাহাতি।

১০। অর্থ লিখে বাক্য রচনা করুন: (যে কোনও একটি) : - ২ x ১ = ২

পাকা কথা, পাকা মাথা।

১১। রাজপুত্র, কাগজপত্র -দু'টি শব্দ কী ধরনের? (যৌগিক/যোগারূঢ়) উত্তরের সপক্ষে যুক্তি দিয়ে লিখুন। ২

১২। অতি সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) বাংলা গদ্যভাষারীতির আত্মপ্রকাশ কত শতকে?

খ) বাংলা ভাষার মধ্যযুগে কোন্ কোন্ উপভাষার মিশ্রণে সাধু ভাষার সৃষ্টি হয়?

গ) স্বামী বিবেকানন্দ রচিত চলিত গদ্যরীতির একটি গ্রন্থের উল্লেখ করুন।

ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'জীবনস্মৃতি' কোন ভাষারূপে লেখা?

ঙ) কলকাতায় প্রচলিত আধুনিক চলিত গদ্যে লেখা 'হুতোম প্যাঁচার নকশা'-কার লেখা?

১৩। নির্দেশ অনুযায়ী বাক্যটি পরিবর্তন করে পুনরায় লিখুন : - ১ x ৪ = ৪

ক) যদু লেখাপড়ায় ভালো হলেও ভীষণ চঞ্চল। (যৌগিক বাক্যে)

খ) বালকটি অবাক হইয়া চাহিয়া চাহিয়া দেখিতেছিল। (চলিত ভাষায়)

গ) আমার আজ সকাল থেকে খাওয়া হয়নি। (কর্তৃবাচ্যে)

ঘ) যদি বৃষ্টি হয়, তাহলে আমি আসব না। (সরল বাক্যে)

১৪। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ১ = ২

ক) বাক্য গঠনের ক্ষেত্রে 'আসক্তি' বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে লিখুন।

খ) চলিত গদ্যের বৈশিষ্ট্যগুলি লিখুন।

গ) একাদশে বৃহস্পতি, কাকভূষণ্ডি-বাগ্বিধি দুটির অর্থ লিখুন।

১৫। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) বানান কি অপরিবর্তনীয়, অথবা পরিবর্তনও করা যায়? আপনার উত্তরের সপক্ষে যুক্তি দিয়ে লিখুন।

খ) অতীতে 'বাঙালি' শব্দটি কতরকম বানানে লেখা হত? এখন কৌন বানানটি সঠিক কোন বানানুটি বলে মনে হয়? উদাহরণসহ লিখুন।

গ) কার্ত্তিক, কর্তা বানান সম্বন্ধে রবীন্দ্রনাথের কী মতামত ছিল, আপুনারু নিজের ভাষায় লিখুন।

১৬। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর দিন: - ২ x ২ = ৪

ক) বানান সংস্কারের জন্য কবে থেকে এবং কারা অগ্রণীর ভূমিকা নিয়েছিলেন?

খ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানান বিধিতে 'তৎসম' শব্দের বানান সম্বন্ধে কী বলা হয়েছে?

গ) বিরতি চিহ্ন ব্যবহার করে বাক্যটি পুনরায় লিখুন- আমি বললাম আচ্ছা তুমি যা চাইছ তাই হবে বিকেলের আগেই আমরা সবাই তোমাদের বাড়িতে পৌঁছে যাব।

১৭। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) কোন্ বানানটি সঠিক বলে মনে হয়- মফঃস্বল/মফসসল, বৃটিশ/ব্রিটিশ

খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধি অনুযায়ী সংস্কৃত সন্ধিজাত শব্দে পূর্বপদের শেষে হস্ চিহ্ন থাকবে- দু'টি উদাহরণ লিখুন।

গ) রেফের নীচে দ্বিত্ব ব্যঞ্জন বর্জিত- দু'টি উদাহরণের সাহায্যে বুঝিয়ে লিখুন।

১৮। দু'টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) 'সিলেটি' বাংলার কোন উপভাষার সঙ্গে সম্পর্কিত? কাছাড়ে প্রচলিত সিলেটির সঙ্গে বাংলাদেশের সিলেট ভাষার মধ্যে কী ধরনের পার্থক্য আছে?

খ) বাংলা ভাষার মান্যচলিত রূপটি কোন্ কোন্ অঞ্চলের কথ্যভাষাকে নিয়ে নিয়ে গড়ে উঠেছে?

গ) উপভাষা বলতে কী বোঝায়?

১৯। একটি বাক্যে উত্তর লিখুন : - ১ x ৪ = ৪

ক) অসমিয়া ভাষার মান্যচলিত রূপটি কোন্ জেলার কথ্যভাষার আদলে গড়ে উঠেছে?

খ) গ্রিয়ার্সন প্রণীত ভাষা-জরিপের গ্রন্থটির নাম কী?

গ) ইংরেজি শব্দ 'পকেট' সিলেটি তদ্ভবরূপে কী লেখা হয়?

ঘ) 'আউআ' এই সিলেটি শব্দটির মান্যচলিত রূপটি কী হবে?

২০। একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ১ = ৩

ক) উপভাষাহীন ভাষার অস্তিত্ব কি সম্ভব? আপনার উত্তরের সপক্ষে যুক্তি দিয়ে লিখুন।

খ) মূলস্রোতভাষা বলতে কী বোঝায়?

- শেষ পৃষ্ঠা -